

পঞ্চম শ্রেণীর পাঠ্য পুস্তকে ভুল ॥ সংশোধন দাবি

নিজস্ব সংবাদদাতা, নওগাঁ, ৫ জুলাই । এশিয়া উপ-মহাদেশের ঐতিহাসিক স্থানগুলোর মধ্যে নওগাঁর পাহাড়পুর অন্যতম । কিন্তু জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের পঞ্চম শ্রেণীর বাংলা পাঠ্য বইয়ে (আমার বাংলা বই) নওগাঁর ঐতিহাসিক পাহাড়পুর বৌদ্ধ বিহারের অবস্থান সম্পর্কে ভুল এবং অস্পষ্ট তথ্য পরিবেশন করা হয়েছে । বইটির ১০০ পৃষ্ঠার ৬ষ্ঠ লাইনে লেখা রয়েছে, 'কুমিল্লার লালমাই, আর বরেন্দ্র অঞ্চল দিনাজপুর- নওগাঁ-বগুড়ার পাহাড়পুর এবং মহাস্থান গড়ের মতো মধুপুর গড় থেকে টাঙ্গাইল-গাজীপুর-নরসিংদীর অধিকাংশ জমির গঠন একই রকম যা মধুপুর গড় নামে পরিচিত ।'

এখানে ঐতিহাসিক পাহাড়পুর বৌদ্ধবিহার প্রকৃতপক্ষে কোন জেলায় অবস্থিত তা স্পষ্ট নয় । বরেন্দ্র অঞ্চল বলতেই বৃহত্তর রাজশাহী অঞ্চলকে বুঝায় । এখানে রাজশাহীর নামটুকুও উল্লেখ করা হয়নি । ফলে এসব ঐতিহাসিক স্থানগুলোর অবস্থান সম্পর্কে কোমলমতি শিশু শিক্ষার্থীরা সঠিক তথ্য শিখতে পারছে না । শিশুদের সঠিক শিক্ষায় শিক্ষিত করতে নওগাঁ জেলা দুনীতি দমন কমিটির সাবেক সাধারণ সম্পাদক আডিকুর রহমান অবিলম্বে বিষয়টি সংশোধন করার জন্য শিক্ষামন্ত্রীসহ সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেছেন ।